

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কম্পিউট শাটডাউন ঘোষণা

রাবি প্রতিনিধি

২১ সেপ্টেম্বর ২০২৫, ০৭:০৮ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) আগামীকাল সোমবার থেকে কম্পিউট শাটডাউন ঘোষণা করেছেন শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা। আজ রবিবার সংবাদমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন অফিসার্স সমিতির সভাপতি মোজ্জার হোসেন।

সিন্ডিকেট সভায় পোষ্য কোটা স্থগিত রাখার সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, ‘এ সিদ্ধান্তে আমরা হতাশ। কারণ, দেশের সব বিশ্ববিদ্যালয়ে এ সুবিধা আছে। এটি আমাদের না দেওয়ায় আগামীকাল থেকে আমরা কম্পিউট শাটডাউনে যাচ্ছি।’

তিনি আরও জানান, কম্পিউট শাটডাউন চললেও আওতামুক্ত থাকবে রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচন সংশ্লিষ্ট কার্যক্রম এবং পানি, বিদ্যুৎ ও পরিবহন সেবা।

জানা গেছে, গত কয়েক দিন ধরে পোষ্য কোটার পক্ষে-বিপক্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আন্দোলন করছেন শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা। আজ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় পোষ্য কোটা আপাতত স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।